



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার লেটার নং-০২

১৩ আষাঢ় ১৪২৯

তারিখঃ

২৭ জুন ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

দেশের উত্তর ও উত্তর-পূর্বাঞ্চলে সৃষ্ট সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের কৃষি ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে এ বিভাগ কর্তৃক জারিকৃত ০৫ জুন ২০২২ তারিখের এসিডি সার্কুলার নং-০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, উক্ত সার্কুলারে উল্লেখিত ১ এবং ৩-৮ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনাসমূহ সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, কিশোরগঞ্জ ও নেত্রকোনা জেলার পাশাপাশি দেশের উত্তরাঞ্চলে বন্যা কবলিত জেলাসমূহ যথাঃ- শেরপুর, জামালপুর, রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক চিহ্নিত বন্যা কবলিত অন্যান্য জেলাসমূহের জন্যও প্রযোজ্য হবে।

এছাড়া, উক্ত সার্কুলারের ২ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা নিম্নরূপভাবে পরিবর্তিত হবেঃ

- ২) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত ১৪ সেপ্টেম্বর, ২০২১ তারিখের এসিডি সার্কুলার নং-০২ এর মাধ্যমে কৃষক/গ্রাহক পর্যায়ে ৪% সুদ হারে কৃষি ঋণ বিতরণের জন্য গঠিত ৩,০০০.০০ (তিন হাজার) কোটি টাকার বিশেষ পুনঃঅর্থায়ন ফিমের আওতায় বরাদ্দপ্রাপ্ত ব্যাংকসমূহ কর্তৃক তাদের অব্যবহৃত স্থিতির ন্যূনতম ৪০% বন্যায় ক্ষতিগ্রস্ত জেলাসমূহে বিতরণ নিশ্চিত করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ লিয়াকত আলী মোল্লা)
পরিচালক (এসিডি)
ফোনঃ ৯৫৩০১৩৮